Online Edition

20 – 26 January, 2022

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৮, সংখ্যা - ৩ | সাপ্তাহিক | ২০ - ২৬ জানুয়ারি, ২০২২ | পৃষ্ঠা - ১৮

101 YEARS OF GEORGE TELEGRAPH 1920 - 2021

GSCE

পড়লেই সরকারি চাকরি

Helpline : 9830277100 / 200 / 300

George Telegraph ● Since 1920

নবদয় বিদ্যালয়ে বিভিন্ন পদে ১৯২৫

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীনস্থ নবদয় বিদ্যালয় সমিতি অ্যাসিস্ট্যান্ট কমিশনার (অ্যাডমিনিস্ট্রেশন), মহিলা স্টাফ নার্স, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, অডিট অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ট্রানস্লেশন অফিসার, জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল), স্টেনোগ্রাফার, কম্পিউটার অপারেটর, ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, ইলেকট্রিশিয়ান কাম প্লাম্বার, ল্যাব অ্যাটেন্ডেন্ট এবং মেস হেলপার অ্যান্ড মাল্টি টাস্কিং স্টাফ শাখায় ১৯২৫ জনকে নিয়োগ করতে চলেছে। প্রার্থীদের আবেদন করতে হবে ১০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** *১) অ্যাসিস্ট্যান্ট কমিশনার (গ্রুপ-এ – পোস্ট কোড ০১)* শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১ এবং এসসি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *২) অ্যাসিস্ট্যান্ট কমিশনার (গ্রুপ-এ পোস্ট – কোড ০২)* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত)। *৩) মহিলা স্টাফ নার্স (গ্রুপ-বি – পোস্ট কোড ০৩)* শাখায় শূন্যপদ ৮২টি (অসংরক্ষিত ৩৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭, ওবিসি ২২, এসসি ১২ ও এসটি ৬)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ ১০টি (অসংরক্ষিত ৬, ৩টি শূন্যপদ সংরক্ষিত। *৪) অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (গ্রুপ-সি – পোস্ট কোড ০৪)* শাখায় *এরপর ৪ পাতায়*

CISF-এ ২৪৯ কনস্টেবল

স্পোর্টস কোটায় নিয়োগ

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) স্পোর্টস কোটার মাধ্যমে দক্ষতাসম্পন্ন খেলোয়াড় হিসাবে ২৪৯ জন পুরুষ ও মহিলাকে জেনারেল ডিউটি শাখায় হেড কনস্টেবল পদে নিয়োগ করতে চলেছে। আবেদনগ্রহণ চলবে ২০২২ সালের ৩১ মার্চ বিকেল পাঁচটা পর্যন্ত। উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির জন্য আবেদনের শেষ তারিখ ৭ এপ্রিল বিকেল পাঁচটা পর্যন্ত।

▸ **শূন্যপদ :** *১) অ্যাথলেটিক্স বিভাগে– পুরুষ শাখায়* ১০০ মিটারে ১টি, ২০০ মিটারে ৩টি, ৪০০ মিটারে ২, ৮০০ মিটারে ২, ১৫০০ মিটারে ৩, ৩০০০ মিটারে ২, ৫০০০ মিটারে ৩, ১০০০০ মিটারে ৩, ম্যারাথনে ৩, ২০ মিটার হাঁটায় ৩, ১১০ মিটার হার্ডলে ২, ৪০০ মিটার হার্ডলে ৩, ৪×১০০ মিটার রিলেতে ৪, ৪×৪০০ মিটার *এরপর ২ পাতায়*

নর্দার্ন কোলফিল্ডসে ৩০৭

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ মিনিরত্ন কোম্পানি নর্দার্ন কোলফিল্ডস লিমিটেড অবসরপ্রাপ্ত এইচইএমএম অপারেটর, যারা সংশ্লিষ্ট সংস্থাতে এর আগে কাজ করে এসেছেন তাদেরকে ৩০৭টি শূন্যপদে ড্র্যাগলাইন অপারেটর, ড্রেজার অপারেটর, গ্রেডার অপারেটর, সারফেস মাইনার অপারেটর, ডাম্পার অপারেটর, শোভেল অপারেটর, পে-লোডার অপারেটর, এবং ক্রেন অপারেটর শাখায় ৩০৭টি শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : NCL/HQ/PD/Recruitment/ 2022/44। আবেদন করতে হবে ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** ১) ড্র্যাগলাইন অপারেটর শাখায় *এরপর ৩ পাতায়*

নাসিকে প্রতিরক্ষা দপ্তরে ১০৭

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

মহারাষ্ট্রের নাসিকে অবস্থিত আর্টিলারি দপ্তরে ১০৭টি শূন্যপদে লোয়ার ডিভিশন ক্লার্ক, মডেল মেকার, কার্পেন্টার, কুক, রেঞ্জ, লস্কর, ফায়ারম্যান, আর্টি লস্কর, বার্বার, ওয়াশারম্যান, মাল্টি টাস্কিং স্টাফ (গার্ডেনার অ্যান্ড হেড গার্ডেনার), ওয়াচম্যান, ম্যাসেঞ্জার, সাফাইওয়ালা, সহিস, এমটিএস লস্কর, ইকুইপমেন্ট রিপেয়ারার এবং মাল্টি টাস্কিং স্টাফ শাখায় নিয়োগ করা হবে। প্রার্থীদের আবেদনপত্র পাঠাতে হবে ২৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে এই ঠিকানায়– *এরপর ৩ পাতায়*

ম্যাজাগন ডক শিপ বিল্ডার্সে ৮৬ অ্যাপ্রেন্টিস

১৯৭৩ সালের অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট অনুযায়ী প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ম্যাজাগন ডক শিপবিল্ডার্স লিমিটেড গ্র্যাজুয়েট এবং টেকনিশিয়ান শাখায় ৮৬ জনকে অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দিতে চলেছে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। গ্র্যাজুয়েট শাখায় প্রশিক্ষণ দেওয়া হবে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ও শিপবিল্ডিং *এরপর ২ পাতায়*

ইউপিএসসিতে বিভিন্ন পদে ৭৮

আবেদনের শেষ তারিখ ২৭ জানুয়ারি

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকে অ্যাসিস্ট্যান্ট এডিটর, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, ইকোনমিক অফিসার, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, মেকানিক্যাল মেরিন ইঞ্জিনিয়ার, লেকচারার, সায়েন্টিস্ট, কেমিস্ট, জুনিয়র মাইনিং জিওলজিস্ট, রিসার্চ অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর শাখার ৭৮ জনকে নিয়োগ করা হবে। প্রার্থীদের আবেদন করতে ২৭ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ, বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** *১) অ্যাসিস্ট্যান্ট এডিটর (ওড়িয়া)* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। প্রার্থী নিয়োগ হবে মিনিস্ট্রি অফ কালচারের অধীনস্থ সেন্ট্রাল রেফারেন্স লাইব্রেরিতে। বয়সসীমা ৩৫ বছর। আবেদন জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে ডিগ্রি বা ডিপ্লোমা পাশ থাকতে হবে লাইব্রেরিয়ানশিপে। এছাড়া সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *২) অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (কস্ট)* শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৩, এসটি ২ ও এসসি ২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। প্রার্থী নিয়োগ হবে অর্থমন্ত্রকের অধীনস্থ এক্সপেন্ডিচার ডিপার্টমেন্টে। বয়সসীমা ৩৫ বছর। আবেদনের জন্য প্রার্থী চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা কস্ট অ্যাকাউন্ট্যান্সিতে ডিগ্রি থাকতে হবে। *৩) ইকোনমিক* *এরপর ২ পাতায়*

ব্রডকাস্টিং ইঞ্জিনিয়ারিংয়ে ৫০০

আবেদনের শেষ তারিখ ২৫ জানুয়ারি

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ মিনিরত্ন কোম্পানি ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্ট ইন্ডিয়া লিমিটেড প্রাথমিকভাবে ৬ মাস মেয়াদের চুক্তিতে ইনভেস্টিগেটর ও সুপারভাইজার পদে ৫০০ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১১২। প্রার্থীদের আবেদন করতে হবে ২৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ, বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও বেতনক্রম :** ইনভেস্টিগেটর শাখায় শূন্যপদ ৩৫০টি। আবেদনের জন্য *এরপর ২ পাতায়*

WBCS 2022

বিজ্ঞপ্তি শীঘ্রই

প্রাইমারি টেট-এর ফলাফল প্রকাশিত

GSCE-র ছাত্রছাত্রীদের সাফল্যের হার ৮২%

CGL পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার শূন্যপদে নিয়োগ

রাজ্য সরকারের ঘোষণা অনুযায়ী এখন থেকে টেট পরীক্ষা হবে প্রতি বছর

আর্মি পাবলিক স্কুলে প্রায় ৮৭০০ শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

এছাড়া এবছরই প্রকাশিত হবে কেন্দ্র ও রাজ্য সরকারে প্রায় কয়েক লক্ষ শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি। সামনেই আছে একাধিক সরকারি চাকরির পরীক্ষার তারিখ। বিস্তারিত জানতে ও সঠিক প্রস্তুতি নিয়ে সরকারি চাকরির নিয়োগপত্র হাতে পেতে আজই যোগযোগ করুন আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে।

Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org

101 YEARS OF GEORGE TELEGRAPH 1920 - 2021

GSCE

পড়লেই সরকারি চাকরি

George Telegraph ● Since 1920

সম্পাদকীয়

২০২২ ইংরেজি নববর্ষ কদিন আগেই শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই বছরের প্রথম মাসও শেষ হওয়ার মুহূর্তে চলে এল। জানুয়ারি মাস মানেই বাঙালির গর্ব তথা দেশনায়ক নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন আগামী ২৩ জানুয়ারি ও প্রজাতন্ত্র দিবস পালিত হবে ২৬ জানুয়ারি। এরপর ফেব্রুয়ারি মাস পড়তেই মা সরস্বতীর আরাধনায় মেতে উঠবে কচিকাঁচা থেকে শুরু করে শিল্প-সাহিত্যের সঙ্গে যুক্ত সমস্ত বিদ্বজনেরা। শীতের মরসুমে এখনও পর্যন্ত আমরা করোনা স্বাস্থ্যবিধি মেনে চলছি বলে চারদিকে পিকনিক, ভ্রমণে যাওয়া ইত্যাদি বিষয়গুলি এড়িয়ে চলতে হচ্ছে। এক্ষেত্রে বলব, কিছু করার নেই, সংক্রামক ব্যধিকে দূরীভূত করতে হলে আমাদের এখনও সামাজিক দূরত্ব বজায় রেখেই চলতে হবে। তবে একথাও শোনা যাচ্ছে কিছু বিশেষজ্ঞদের জবানবন্দিতে যে, করোনার তৃতীয় ঢেউতে আগত নতুন ভ্যারিয়্যান্ট ওমিক্রনই হয়তো মহামারীর বিদায়লগ্নের সংকেতবাণী। তাই মানুষ আশায় আছে যে, হয়তো এবার নতুন সূর্যোদয় দেখবে গোটা পৃথিবী। তবে সংক্রমণ বাড়তে থাকলেও দেশের অর্থনৈতিক অবস্থার কথা মাথায় রেখে এখনও পর্যন্ত কড়া লকডাউন জারি করেনি প্রশাসন। এই অবস্থায় আগত সরকারি চাকরির পরীক্ষাগুলির উপরেও কোনো স্থগিতাদেশ জারি হয়নি। তাই পরীক্ষার প্রস্তুতিতে চাকরি প্রার্থীরা কোনো আলস্যতা দেখাবেন না এমনটাই আশা রাখি। বেশ কিছু উল্লেখযোগ্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এই সপ্তাহেও। নবোদয় বিদ্যালয় সমিতি সম্প্রতি ১৯২৫টি শূন্যপদে স্টেনোগ্রাফার, মেস হেলপার, ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ ইত্যাদি শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। মাধ্যমিক থেকে আইটিআই যোগ্যতায় প্রার্থী নিয়োগ হবে। ব্রডকাস্টিং ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড ৫০০টি শূন্যপদে স্নাতক যোগ্যতায় ইনভেস্টিগেটর ও সুপারভাইজার নিয়োগ করতে চলেছে প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে। নবোদয় বিদ্যালয়ে আবেদনগ্রহণ চলবে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত এবং ব্রডকাস্টিং ইঞ্জিনিয়ারিং কর্তৃপক্ষ আবেদনগ্রহণ করবে ২৫ জানুয়ারি পর্যন্ত। এছাড়া অন্যান্য নিয়োগ বিজ্ঞপ্তিগুলি সম্পর্কে বিস্তারিত তথ্য তো রইলই। এই সপ্তাহেই প্রয়াত হলেন কিংবদন্তী কার্টুনিস্ট প্রবাদপ্রতিম শ্রীনারায়ণ দেবনাথ, প্রখ্যাত নাট্যকার শাঁওলি মিত্র, কিংবদন্তী নৃত্যশিল্পী বিরজু মহারাজ ও আরও কিছু বিশিষ্ট মানুষেরা। হঠাৎ করে এই সপ্তাহটি যেন এত বিখ্যাত মানুষকে এক লহমায় পৃথিবী থেকে বিদায় জানানোর জন্য এতদিন অপেক্ষা করেছিল। শোকাহত হৃদয়ে আমরা এই মহান শিল্পী তথা বিখ্যাত মানুষদের 'শিক্ষা চাকরি ও খেলা'-র তরফ থেকে জানাই সশ্রদ্ধ প্রণাম। ঈশ্বরের কাছে তাঁদের আত্মার শান্তি কামনা করি। প্রতিটি পাঠক-পাঠিকাকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা।

ইউপিএসসিতে বিভিন্ন পদে ৭৮

১ পাতার পর

অফিসার শাখায় শূন্যপদ ৪টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১, এসটি ১ ও এসসি ১)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদন করতে পারেন। প্রার্থী নিয়োগ হবে অর্থমন্ত্রকের অধীনস্থ ইকোনমিক অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টে। বয়সসীমা ৩০ বছর। আবেদনের জন্য প্রার্থীকে মাস্টার ডিগ্রি পাশ করতে হবে ইকোনমিক্স/অ্যাপ্লায়েড ইকোনমিক্স/ডিবজনেস ইকোনমিক্স/ইকোনমেট্রিক্স বিষয়ে। এছাড়া অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***৪) অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার*** শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদন করতে পারেন। প্রার্থী নিয়োগ হবে মিনিস্ট্রি অফ ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ডেয়ারিংয়ের অধীনস্থ ফিশারিজ ডিপার্টমেন্টে। বয়সসীমা ৩০ বছর। আবেদনের জন্য প্রার্থীকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***৫) মেকানিক্যাল মেরিন ইঞ্জিনিয়ার*** শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। প্রার্থী নিয়োগ হবে মিনিস্ট্রি অফ ফিশারিজ, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ডেয়ারিংয়ের অধীনস্থ ফিশারিজ ডিপার্টমেন্টে। বয়সসীমা ৪০ বছর। আবেদনের জন্য প্রার্থীকে বিই/বিটেক পাশ করতে হবে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/মেরিন ইঞ্জিনিয়ারিং/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ে। এরসঙ্গে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***৬) লেকচারার (অকুপেশনাল থেরাপি)*** শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদনযোগ্য। প্রার্থী নিয়োগ হবে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ মুম্বাইয়ের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশনে। বয়সসীমা ৩৫ বছর। আবেদনের জন্য প্রার্থীকে অকুপেশনাল থেরাপিতে মাস্টার ডিগ্রি পাশ থাকতে হবে। এরসঙ্গে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***৭) সায়েন্টিস্ট-বি (ডকুমেন্ট)*** শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১, ওবিসি ১)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদনযোগ্য। প্রার্থী নিয়োগ হবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। বয়সসীমা ৩৫ বছর। আবেদনের জন্য প্রার্থীকে মাস্টার ডিগ্রি পাশ করতে কেমিস্ট্রি/ফিজিক্স/ফরেন্সিক সায়েন্স বিষয়ে। ফরেন্সি সায়েন্সে মাস্টার ডিগ্রি পাশ স্নাতক স্তরে অবশ্যই ফিজিক্স বা কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। ***৮) কেমিস্ট*** শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১ ও এসসি ১)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদনযোগ্য। প্রার্থী নিয়োগ হবে খনি মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়ান ব্যুরো অফ মাইন্সে। বয়সসীমা ৩৫ বছর। আবেদনের জন্য প্রার্থীকে কেমিস্ট্রি বিষয়ে মাস্টার ডিগ্রি পাশের সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ***৯) জুনিয়র মাইনিং জুওলজিস্ট*** শাখায় শূন্যপদ ৩৬টি (অসংরক্ষিত ১৭, আর্থিকভাব অনগ্রসর শ্রেণি ৩, ওবিসি ৯, এসটি ২ ও এসসি ৫)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদনযোগ্য। প্রার্থী নিয়োগ হবে কেন্দ্রীয় খনি মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়ান ব্যুরো অফ মাইন্সে। বয়সসীমা ৩৫ বছর। আবেদনের জন্য প্রার্থীকে মাস্টার ডিগ্রি পাশ করতে অ্যাপ্লায়েড জিওলজি/জিওলজি বিষয়ে। অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***১০) রিসার্চ অফিসার*** শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। শারীরিক প্রতিবন্ধীরাও আবেদনযোগ্য। প্রার্থী নিয়োগ হবে মিনিস্ট্রি অফ ট্রাইবাল অ্যাফেয়ার্সের অধীনস্থ গবেষণাগারে। বয়সসীমা ৩৫ বছর। আবেদনের জন্য প্রার্থীকে মাস্টার ডিগ্রি পাশ করতে সোশিওলজি/ম্যাথমেটিক্স/সোশ্যাল ওয়ার্ক/অ্যানথ্রোপলজি/ইকোনমিক্স/স্ট্যাটিস্টিক্স/জিওগ্রাফি বিষয়ে। অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***১১) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর*** শাখায় শূন্যপদ ১টি (এসটি)। প্রার্থী নিয়োগ হবে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের অধীনস্থ আয়ুষ বিভাগে। বয়সসীমা ৫০ বছর। আবেদনের জন্য প্রার্থীকে স্নাতক পাশ করতে হবে আয়ুর্বেদ মেডিসিনে। এছাড়াও পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে শিশু চিকিৎসায়। ***১২) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (কয়া চিকিৎসা)*** শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১ ও এসসি ১)। প্রার্থী নিয়োগ হবে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের অধীনস্থ আয়ুষ বিভাগের কয়া চিকিৎসা দপ্তরে। বয়সসীমা ৪৫ বছর। আবেদনের জন্য প্রার্থীকে স্নাতক পাশ করতে হবে আয়ুর্বেদ মেডিসিনে এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে কয়া চিকিৎসায়। ***১৩) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ক্রিয়া শরীর)*** শাখায় শূন্যপদ ২টি ওবিসি ১ ও এসটি ১)। শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। প্রার্থী নিয়োগ হবে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের অধীনস্থ আয়ুষ বিভাগের ক্রিয়া শরীর দপ্তরে। বয়সসীমা ৫০ বছর। আবেদনের জন্য প্রার্থীকে স্নাতক পাশ করতে হবে আয়ুর্বেদ মেডিসিনে এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে ক্রিয়া শরীর চিকিৎসায়।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৭ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে http://www.upsconline. nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২৫ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। প্রার্থী বাছাই হবে রিক্রুটমেন্ট টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০২২। এছাড়া আরও বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে।

ব্রডকাস্টিং ইঞ্জিনিয়ারিংয়ে ৫০০

১ পাতার পর

স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে ভালো কাজ জানতে হবে। বয়সসীমা ৫০ বছরের মধ্যে। মাসিক বেতনক্রম ২৪,০০০ টাকা। সুপারভাইজার শাখায় শূন্যপদ ১৫০টি। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে ভালো কাজ জানতে হবে। বয়সসীমা ৫০ বছরের মধ্যে। মাসিক বেতনক্রম ৩০,০০০ টাকা।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে আবেদনপত্রের বয়ান জুড়ে দেওয়া আছে যেটি ডাউনলোড করতে হবে www.becil.com ওয়েবসাইট থেকে। এরপর সেটিকে যথাযথভাবে ফিলআপ করে ইমেল করে পাঠাতে হবে এই ইমেল আইডিতে projecthr@becil.com। আবেদন ফি ৫০০ টাকা। এসসি/এসটি/আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি ৩৫০ টাকা। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। ইমেল করার শেষ তারিখ ২৫ জানুয়ারি, ২০২২। এছাড়া আরও বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে।

CISF-এ ২৪৯ কনস্টেবল

১ পাতার পর

রিলেতে ৪, শর্টপুটে ২, হ্যামার থ্রোতে ২, জ্যাভলিন থ্রোতে ১, ডেকাথলনে ২, লং জাম্পে ১, হাই জাম্পে ২, ট্রিপল জাম্পে ৩ এবং পোল ভল্টে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***অ্যাথলেটিক্স বিভাগে– মহিলা শাখায়*** ১০০ মিটারে ১টি, ২০০ মিটারে ২টি, ৪০০ মিটারে ১, ৮০০ মিটারে ৩, ১৫০০ মিটারে ৩, ৩০০০ মিটারে ৩, ৫০০০ মিটারে ১, ১০০০০ মিটারে ২, ম্যারাথনে ৩, ১০ মিটার হাঁটায় ২, ১০০ মিটার হার্ডলে ২, ৪০০ মিটার হার্ডলে ৩, ৪×১০০ মিটার রিলেতে ৪, ৪×৪০০ মিটার রিলেতে ৪, হ্যামার থ্রোতে ১, জ্যাভলিন থ্রোতে ১, লং জাম্পে ১, হাই জাম্পে ১ এবং পোল ভল্টে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***২) বক্সিং বিভাগে– পুরুষ শাখায়*** ৪৮ কেজিতে ১টি, ৫১ কেজিতে ১, ৫৪ কেজিতে ১, ৬৩.৫ কেজিতে ১, ৮০ কেজিতে ১, ৮৬ কেজিতে ১, ৯৩ কেজিতে ১ এবং ৯২ কেজির উর্ধ্বসীমা ১টি শূন্যপদ সংরক্ষিত। ***বক্সিং বিভাগে– মহিলা শাখায়*** ৪৮ কেজিতে ১টি, ৫৪ কেজিতে ১, ৫৭ কেজিতে ১, ৬০ কেজিতে ১, ৬৩ কেজিতে ১, ৬৬ কেজিতে ১, ৭০ কেজিতে ১, ৭৫ কেজিতে ১ এবং ৮১ কেজির উর্ধ্বসীমায় ১টি শূন্যপদ সংরক্ষিত। ***৩) বাস্কেটবল বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ৮টি। ***৪) জিমন্যাস্টিক বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ৫টি। ***৫) ফুটবল বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ১০টি। ***৬) হকি বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ১৫টি। ***৭) হ্যান্ডবল বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ৬টি। ***৮) জুডো বিভাগে– পুরুষ শাখায়*** ৬৬ কেজিতে ২, ৭৩ কেজিতে ১, ৮১ কেজিতে ২, ৯০ কেজিতে ১ এবং ১০০ কেজিতে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***জুডো বিভাগে– মহিলা শাখায়*** ৭০ কেজিতে ২ এবং ৭৮ কেজির উর্ধ্বে ২টি শূন্যপদ

এরপর ৪ পাতায়

ম্যাজাগন ডকে ৮৬ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

টেকনোলজি শাখায়। ডিপ্লোমা শাখায় প্রশিক্ষণ দেওয়া হবে ইলেকট্রিক্যাল এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। আবেদনের শেষ তারিখ ২৫ জানুয়ারি, ২০২২।

▶ **শূন্যপদ :** ***গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস বিভাগে*** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ২টি, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩টি, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ১৫টি, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪৩টি, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি এবং শিপবিল্ডিং টেকনোলজি শাখায় ৫টি শূন্যপদ আছে। অর্থাৎ এই বিভাগে মোট শূন্যপদ ৭৯টি। ***ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস বিভাগে*** ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ২টি এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি শূন্যপদ আছে। অর্থাৎ এই বিভাগে মোট শূন্যপদ ৭টি।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** গ্র্যাজুয়েট শাখায় আবেদনের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বিই/বিটেক পাশ করতে হবে। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস বিভাগে আবেদনের জন্য প্রার্থী সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা পাশ করতে হবে।

▶ **মাসিক ভাতা :** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস প্রশিক্ষণপ্রার্থীদের মাসিক ৯,০০০ টাকা এবং ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস প্রশিক্ষণপ্রার্থীদের মাসিক ৮,০০০ টাকা করে ভাতা দেওয়া হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের নাম নথিভুক্ত করতে হবে https://portal.mhrdnats.gov.in/boat/commonRedirect/registermenunewlregistermenunew.action এই লিঙ্কে গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। এরপর সম্পূর্ণ আবেদনপত্রটি ফিল-আপ করতে হবে। এছাড়া আরো বিস্তারিত জানতে mazagondock.in ওয়েবসাইটটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে প্রকাশিত কোনো বিজ্ঞাপনের তথ্যে কোনোরূপ ভুল থাকলে তার দায় সম্পূর্ণভাবে ঐ বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

নাসিকে প্রতিরক্ষা দপ্তরে ১০৭

১ পাতার পর

To, The Commandant, HQ, Artillery Centre, Nasik Road Camp, Maharashtra, Pin-422102।

▸ **শূন্যপদ :** *(১) লোয়ার ডিভিশন ক্লার্ক* শাখায় শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১৯, এসসি ১, এসটি ১, ওবিসি ৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। *(২) মডেল মেকার* শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। *(৩) কার্পেন্টার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *(৪) কুক* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও ওবিসি ১)। *(৫) রেঞ্জ লস্কর* শাখায় শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৩, এসসি ২, এসটি ১, ওবিসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি এবং দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *(৬) ফায়ারম্যান* শাখায় শূন্যপদ ১টি (এসসি)। *(৭) আর্টি লস্কর* শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৪, ওবিসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি, প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি এবং দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *(৮) বার্বার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ এবং ওবিসি ১)। *(৯) ওয়াশারম্যান* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ১, ওবিসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *(১০) গার্ডেনার অ্যান্ড হেড গার্ডেনার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *(১১) ওয়াচম্যান* শাখায় শূন্যপদ ১০টি (অসংরক্ষিত ৩, এসসি ১, এসটি ১, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। *(১২) ম্যাসেঞ্জার* শাখায় শূন্যপদ ৯টি (এসসি ১, এসটি ৩, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি ও প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *(১৩) সাফাইওয়ালা* শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ২, এসসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *(১৪) মহিস* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১৫) এমটিএস লস্কর* শাখায় শূন্যপদ ৬টি (ওবিসি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *(১৬) ইকুইপমেন্ট রিপেয়ারার* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১৭) মাল্টি টাস্কিং স্টাফ* শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ১৪, এসটি ১, ওবিসি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি ও প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত।

▸ **বয়সসীমা :** ২৫ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** (১) লোয়ার ডিভিশন ক্লার্ক শাখায় আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে টাইপিং স্পিড থাকতে হবে ৩৫টি শব্দ প্রতি মিনিটে অথবা, হিন্দিতে ৩০টি শব্দ প্রতি মিনিটে। (২) মডেল মেকার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে আইটিআই ট্রেনিং থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। (৩) কার্পেন্টার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই পাশ করতে হবে। (৪) কুক শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে রান্নাবান্নায় দক্ষতা থাকতে হবে। (৫) ইকুইপমেন্ট রিপেয়ারার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ক্যানভাস, টেক্সটাইল এবং লেদার রিপেয়ারিংয়ের কাজ জানতে হবে। (৬) সহিস শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশ থাকলেই যোগ্য। (৭) বার্বার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (৮) ওয়াশারম্যান শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে দক্ষতা থাকতে হবে। (৯) গার্ডেনার অ্যান্ড হেড গার্ডেনার, ওয়াচম্যান, সাফাইওয়ালা, ম্যাসেঞ্জার, এমটিএস লস্কর, রেঞ্জ লস্কর, আর্টি লস্কর এবং মাল্টি টাস্কিং স্টাফ শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (১০) ফায়ারম্যান শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ফায়ার ফাইটিংয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ ও সক্ষম হতে হবে। শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৬৫ সেমি, বুকের ছাতি হতে হবে ৮১.৫ সেমি এবং ফুলিয়ে ৮৫ সেমি। ওজন হতে হবে ন্যূনতম ৫০ কেজি। একটি পূর্ণবয়স্ক মানুষ যার ওজন ৬৩.৫ কেজি এমন ব্যক্তিকে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার উচ্চতা থেকে বহন করে নিয়ে আসার দক্ষতা থাকতে হবে। ২.৭ মিটার উচ্চতা থেকে লং জাম্প দিয়ে লাফিয়ে নামার দক্ষতা থাকতে হবে এবং দড়ির মাধ্যমে ৩ মিঃ উচ্চতা ওঠানামার দক্ষতা আবশ্যক।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষাটিতে ২ ঘণ্টা সময়ে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড বিষয় থেকে ২৫ নম্বর করে প্রশ্ন এবং জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়ারনেস থেকে ৫০ নম্বর করে মোট ১৫০ নম্বরের প্রশ্ন থাকবে। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। এই লিখিত পরীক্ষার সঙ্গে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের জন্য প্রার্থীকে স্কিল টেস্টে অংশগ্রহণ করতে হবে যেটি কম্পিউটারে একটি টাইপিং টেস্ট হবে। বাকি পদগুলির জন্য ফিজিক্যাল টেস্ট বা মেডিক্যাল ফিটনেস পরীক্ষায় প্রার্থীকে অংশগ্রহণ করতে হবে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে যেটি ফর্ম্যাট অনুযায়ী প্রার্থীকে একটি এফোর সাইজের পেপারে টাইপ করে আবেদনপত্র ফিলআপ করতে হবে। এরসঙ্গে প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি পাঠিয়ে দিতে হবে উপরিউক্ত ঠিকানায়। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি ডাউনলোড করার ওয়েবসাইটটি হল– http://www.davp.nic.in।

নর্দার্ন কোলফিল্ডসে ৩০৭

১ পাতার পর

শূন্যপদ ১৯টি (অসংরক্ষিত ১২, এসসি ২, এসটি ৩ এবং ওবিসি ২)। ২) ড্রোজার অপারেটর শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৯, এসসি ২, এসটি ৩ এবং ওবিসি ২)। ৩) গ্রেডার অপারেটর শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৪, এসসি ১, এসটি ১ এবং ওবিসি ১)। ৪) সারফেস মাইনার অপারেটর শাখায় শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১৪, এসসি ৪, এসটি ৫ এবং ওবিসি ৪)। ৫) ডাম্পার অপারেটর শাখায় শূন্যপদ ১৮৪টি (অসংরক্ষিত ৯৪, এসসি ২৭, এসটি ৩৬ এবং ওবিসি ২৭)। ৬) শোভেল অপারেটর শাখায় শূন্যপদ ১৯টি (অসংরক্ষিত ১২, এসসি ২, এসটি ৩ এবং ওবিসি ২)। ৭) পে-লোডার অপারেটর শাখায় শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৬, এসসি ১, এসটি ১ এবং ওবিসি ১)। ৮) ক্রেন অপারেটর শাখায় শূন্যপদ ২৬টি (অসংরক্ষিত ১৫, এসসি ৩, এসটি ৫ এবং ওবিসি ৩)।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** ড্যাগলাইন অপারেটর শাখায় আবেদনের জন্য মাধ্যমিক বা সমতুল শ্রেণি পাশের সঙ্গে ডিজেল মেকানিক/মোটর মেকানিক/ফিটার ট্রেডে আইটিআই পাশের সঙ্গে এনসিভিটি বা এসসিভিটি দ্বারা স্বীকৃত ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এছাড়া বৈধ এইচএমভি লাইসেন্স প্রাপ্ত হতে হবে যেকোনো আরটিএ বা আরটিও দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। বাকি পদগুলিতে আবেদনের জন্য মাধ্যমিক বা সমতুল শ্রেণি পাশের সঙ্গে আরটিএ বা আরটিও দ্বারা স্বীকৃত বৈধ এইচএমভি লাইসেন্স পেয়ে থাকতে হবে। যেসব প্রার্থী ৩১ মার্চ, ২০১৮ তারিখের পরে অবসরগ্রহণ করেছেন তারাই আবেদনযোগ্য। এছাড়া সংরক্ষিত প্রার্থী হলে বয়সের ছাড় পাবেন।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্টের মাধ্যমে অথবা ইমেলের মাধ্যমে আবেদনপত্র পাঠাতে হবে। আবেদনপত্র পাঠানোর ইমেল আইডি হল rectt.ncl@coalindia.in। চিঠি পাঠাতে হলে প্রার্থী যে ইউনিট থেকে অবসরগ্রহণ করেছেন সেই ইউনিটের সংশ্লিষ্ট সাব-স্টাফ অফিসারকে পাঠাতে হবে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে। যেটি ডাউনলোড করতে হবে www.nclcil.in ওয়েবসাইট থেকে। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSTT
GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within 29th of January, 2022 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

Course	Eligibility	Duration
Certificate in Pre-School Teacher Training	10th Pass	One Year
Certificate in Pre-Primary Teacher Training	10th Pass	One Year
Certificate in Nursery Teacher Training	10th Pass	One Year
Certificate in Montessori Teacher Training	10th Pass	One Year
Certificate in Drawing Teacher Training	10th Pass	One Year
Certificate in Computer Teacher Training	10th Pass	One Year
Diploma in Montessori & Nursery Teacher Training	12th Pass	One Year
PG Diploma in Montessori & Nursery Teacher Training	Any Degree/ Diploma	One Year
Diploma in Montessori Teacher Training	10th Pass	One Year
Diploma in Primary Teacher Training	10th Pass	One Year

হেড অফিস : শিয়ালদহ
১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

নাসিকে প্রতিরক্ষা দপ্তরে ১০৭

১ পাতার পর

To, The Commandant, HQ, Artillery Centre, Nasik Road Camp, Maharashtra, Pin-422102।

▸ **শূন্যপদ :** *(১) লোয়ার ডিভিশন ক্লার্ক* শাখায় শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১৯, এসসি ১, এসটি ১, ওবিসি ৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। *(২) মডেল মেকার* শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। *(৩) কার্পেন্টার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *(৪) কুক* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও ওবিসি ১)। *(৫) রেঞ্জ লস্কর* শাখায় শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৩, এসসি ২, এসটি ১, ওবিসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি এবং দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *(৬) ফায়ারম্যান* শাখায় শূন্যপদ ১টি (এসসি)। *(৭) আর্টি লস্কর* শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৪, ওবিসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি, প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি এবং দক্ষতাসম্পন্ন খেলোয়াড়দের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *(৮) বার্বার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ এবং ওবিসি ১)। *(৯) ওয়াশারম্যান* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ১, ওবিসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *(১০) গার্ডেনার অ্যান্ড হেড গার্ডেনার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *(১১) ওয়াচম্যান* শাখায় শূন্যপদ ১০টি (অসংরক্ষিত ৩, এসসি ১, এসটি ১, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। *(১২) ম্যাসেঞ্জার* শাখায় শূন্যপদ ৯টি (এসসি ১, এসটি ৩, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি ও প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *(১৩) সাফাইওয়ালা* শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ২, এসসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *(১৪) মহিস* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১৫) এমটিএস লস্কর* শাখায় শূন্যপদ ৬টি (ওবিসি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। *(১৬) ইকুইপমেন্ট রিপেয়ারার* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১৭) মাল্টি টাস্কিং স্টাফ* শাখায় শূন্যপদ ২০টি (অসংরক্ষিত ১৪, এসটি ১, ওবিসি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি ও প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত।

▸ **বয়সসীমা :** ২৫ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** (১) লোয়ার ডিভিশন ক্লার্ক শাখায় আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে টাইপিং স্পিড থাকতে হবে ৩৫টি শব্দ প্রতি মিনিটে অথবা, হিন্দিতে ৩০টি শব্দ প্রতি মিনিটে। (২) মডেল মেকার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে আইটিআই ট্রেনিং থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। (৩) কার্পেন্টার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই পাশ করতে হবে। (৪) কুক শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে রান্নাবান্নায় দক্ষতা থাকতে হবে। (৫) ইকুইপমেন্ট রিপেয়ারার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ক্যানভাস, টেক্সটাইল এবং লেদার রিপেয়ারিংয়ের কাজ জানতে হবে। (৬) সহিস শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশ থাকলেই যোগ্য। (৭) বার্বার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (৮) ওয়াশারম্যান শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে দক্ষতা থাকতে হবে। (৯) গার্ডেনার অ্যান্ড হেড গার্ডেনার, ওয়াচম্যান, সাফাইওয়ালা, ম্যাসেঞ্জার, এমটিএস লস্কর, রেঞ্জ লস্কর, আর্টি লস্কর এবং মাল্টি টাস্কিং স্টাফ শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (১০) ফায়ারম্যান শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ফায়ার ফাইটিংয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ ও সক্ষম হতে হবে। শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৬৫ সেমি, বুকের ছাতি হতে হবে ৮১.৫ সেমি এবং ফুলিয়ে ৮৫ সেমি। ওজন হতে হবে ন্যূনতম ৫০ কেজি। একটি পূর্ণবয়স্ক মানুষ যার ওজন ৬৩.৫ কেজি এমন ব্যক্তিকে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার উচ্চতা থেকে বহন করে নিয়ে আসার দক্ষতা থাকতে হবে। ২.৭ মিটার উচ্চতা থেকে লং জাম্প দিয়ে লাফিয়ে নামার দক্ষতা থাকতে হবে এবং দড়ির মাধ্যমে ৩ মিঃ উচ্চতা ওঠানামার দক্ষতা আবশ্যক।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষাটিতে ২ ঘণ্টা সময়ে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড বিষয় থেকে ২৫ নম্বর করে প্রশ্ন এবং জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়ারনেস থেকে ৫০ নম্বর করে মোট ১৫০ নম্বরের প্রশ্ন থাকবে। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। এই লিখিত পরীক্ষার সঙ্গে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের জন্য প্রার্থীকে স্কিল টেস্টে অংশগ্রহণ করতে হবে যেটি কম্পিউটারে একটি টাইপিং টেস্ট হবে। বাকি পদগুলির জন্য ফিজিক্যাল টেস্ট বা মেডিক্যাল ফিটনেস পরীক্ষায় প্রার্থীকে অংশগ্রহণ করতে হবে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে যেটি ফর্ম্যাট অনুযায়ী প্রার্থীকে একটি এফোর সাইজের পেপারে টাইপ করে আবেদনপত্র ফিলআপ করতে হবে। এরসঙ্গে প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি পাঠিয়ে দিতে হবে উপরিউক্ত ঠিকানায়। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি ডাউনলোড করার ওয়েবসাইটটি হল– http://www.davp.nic.in।

নর্দার্ন কোলফিল্ডসে ৩০৭

১ পাতার পর

শূন্যপদ ১৯টি (অসংরক্ষিত ১২, এসসি ২, এসটি ৩ এবং ওবিসি ২)। ২) ড্রোজার অপারেটর শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৯, এসসি ২, এসটি ৩ এবং ওবিসি ২)। ৩) গ্রেডার অপারেটর শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৪, এসসি ১, এসটি ১ এবং ওবিসি ১)। ৪) সারফেস মাইনার অপারেটর শাখায় শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১৪, এসসি ৪, এসটি ৫ এবং ওবিসি ৪)। ৫) ডাম্পার অপারেটর শাখায় শূন্যপদ ১৮৪টি (অসংরক্ষিত ৯৪, এসসি ২৭, এসটি ৩৬ এবং ওবিসি ২৭)। ৬) শোভেন অপারেটর শাখায় শূন্যপদ ১৯টি (অসংরক্ষিত ১২, এসসি ২, এসটি ৩ এবং ওবিসি ২)। ৭) পে-লোডার অপারেটর শাখায় শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৬, এসসি ১, এসটি ১ এবং ওবিসি ১)। ৮) ক্রেন অপারেটর শাখায় শূন্যপদ ২৬টি (অসংরক্ষিত ১৫, এসসি ৩, এসটি ৫ এবং ওবিসি ৩)।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** ড্যাগলাইন অপারেটর শাখায় আবেদনের জন্য মাধ্যমিক বা সমতুল শ্রেণি পাশের সঙ্গে ডিজেল মেকানিক/মোটর মেকানিক/ফিটার ট্রেডে আইটিআই পাশের সঙ্গে এনসিভিটি বা এসসিভিটি দ্বারা স্বীকৃত ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এছাড়া বৈধ এইচএমভি লাইসেন্স প্রাপ্ত হতে হবে যেকোনো আরটিএ বা আরটিও দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। বাকি পদগুলিতে আবেদনের জন্য মাধ্যমিক বা সমতুল শ্রেণি পাশের সঙ্গে আরটিএ বা আরটিও দ্বারা স্বীকৃত বৈধ এইচএমভি লাইসেন্স পেয়ে থাকতে হবে। যেসব প্রার্থী ৩১ মার্চ, ২০১৮ তারিখের পরে অবসরগ্রহণ করেছেন তারাই আবেদনযোগ্য। এছাড়া সংরক্ষিত প্রার্থী হলে বয়সের ছাড় পাবেন।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্টের মাধ্যমে অথবা ইমেলের মাধ্যমে আবেদনপত্র পাঠাতে হবে। আবেদনপত্র পাঠানোর ইমেল আইডি হল rectt.ncl@coalindia.in। চিঠি পাঠাতে হলে প্রার্থী যে ইউনিট থেকে অবসরগ্রহণ করেছেন সেই ইউনিটের সংশ্লিষ্ট সাব-স্টাফ অফিসারকে পাঠাতে হবে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে। যেটি ডাউনলোড করতে হবে www.nclcil.in ওয়েবসাইট থেকে। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSTT
GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within 29th of January, 2022 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

Course	Eligibility	Duration
Certificate in Pre-School Teacher Training	10th Pass	One Year
Certificate in Pre-Primary Teacher Training	10th Pass	One Year
Certificate in Nursery Teacher Training	10th Pass	One Year
Certificate in Montessori Teacher Training	10th Pass	One Year
Certificate in Drawing Teacher Training	10th Pass	One Year
Certificate in Computer Teacher Training	10th Pass	One Year
Diploma in Montessori & Nursery Teacher Training	12th Pass	One Year
PG Diploma in Montessori & Nursery Teacher Training	Any Degree/ Diploma	One Year
Diploma in Montessori Teacher Training	10th Pass	One Year
Diploma in Primary Teacher Training	10th Pass	One Year

হেড অফিস : শিয়ালদহ
১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ওয়েবসাইট টেস্টিং কী? এই কাজে আয়ের সুযোগ কেমন? রইল বিশদ আলোচনা

ওয়েবসাইট টেস্টিং-এর কাজে আপনি একজন ইউজার টেস্টার হিসেবে কাজ করবেন। একজন ইউজার টেস্টারের কাজ হল কোনো ওয়েবসাইট বা অ্যাপ ঠিকমতো চলছে কিনা তা পরীক্ষা করা। ওয়েবসাইট টেস্টিং করা বর্তমান সময়ে খুবই গুরুত্বপূর্ণ একটি কাজ। কারণ এখন প্রায় সব কোম্পানি বা ব্যবসায়িক প্রতিষ্ঠান অনলাইনের মাধ্যমে তাদের কাস্টমারদের পরিষেবা প্রদান করে থাকে তাই সব কোম্পানিই চেষ্টা করে ওয়েবসাইট ভিসিটর/ইউজারদের ওয়েবসাইট ব্যবহার করার সময় সর্বতোভাবে সাহায্য করতে যাবে ইউজার সন্তুষ্ট হন ওয়েবসাইটটি ব্যবহার করে। তাই ওয়েবসাইটটির সব কিছু ঠিক আছে কিনা তা দেখার জন্য ওয়েবসাইটের মালিকরা কোনো তৃতীয় ব্যক্তিকে দিয়ে তা পরীক্ষা করায় ও ইউজার হিসাবে তার থেকে ফিডব্যাক নেয়। এই তৃতীয় ব্যক্তি হিসেবে কাজ করেন একজন ইউজার টেস্টার।

ওয়েবসাইট টেস্টিং-এর কাজ কী?

ওয়েবসাইট টেস্টিং এর অনেক ধরনের কাজ আছে। এখানে উল্লেখ করা হল কয়েকটি সম্পর্কে।

১) ফাংশনালিটি টেস্টিং : এখানে যে যে জিনিসগুলি টেস্ট করতে হয় তা হল— ইউজার ইন্টারফেস, সিকিউরিটি API, ডেটাবেস, বেসিক ওয়েবসাইটের কার্যকারিতা ইত্যাদি। এই ধরনের টেস্টিং-এর কাজ হল Cookie, HTML, outgoing link, Inter link, anchor link-গুলি ঠিকভাবে ওয়েবসাইটে কাজ করছে কিনা তা দেখা।

২) ইউসেবিলিটি টেস্টিং : এটা সেই সব ওয়েব প্ল্যাটফর্মের ক্ষেত্রে করতে হয় যাদের একটা নির্দিষ্ট টার্গেট ভিসিটর আছে। যেমন সমস্ত সাইটের মেনু বা অন্যান্য বাটন ঠিকভাবে কাজ করছে কিনা এবং একটা কন্টেন্ট থেকে অন্য কন্টেন্টে সহজেই যাওয়া যাচ্ছে কিনা তা এখানে চেক করা হয়। কন্টেন্টের মধ্যে কোনো ব্যাকরণগত ভুল আছে কিনা বা কন্টেন্টে যে ছবিগুলি দেওয়া আছে প্রতিটির সঙ্গে Alt text জুড়ে দেওয়া আছে কিনা এগুলিও চেক করা হয়।

৩) ইন্টারফেস টেস্টিং : এখানে সাধারণতঃ ডেটাবেস সার্ভার, অ্যাপ্লিকেশন ও ওয়েব সার্ভার– এই তিনটি প্যারামিটার চেক করা হয়।

ডেটাবেস সার্ভার : ডেটাবেস- যা যা queries পাঠানো হবে তার রেজাল্ট যেন যথাযথ দেখানো হয় তা চেক করতে হয়।

অ্যাপ্লিকেশন : ডেটাবেস-এ যা টেস্ট রিকোয়েস্ট পাঠানো হবে তার সঠিক আউটপুট যেন ক্লায়েন্ট এর দিক থেকেও পাওয়া যায়। যদি দেখা যায় যে, অ্যাডমিনিস্ট্রেটর দেখতে পাচ্ছে কিন্তু ইউজার পাচ্ছে না, সেক্ষেত্রে তা error হলে ধরা হবে।

ওয়েব সার্ভার : এর কাজ হল সমস্ত অ্যাপ্লিকেশন রিকোয়েস্টগুলি সঠিকভাবে হ্যান্ডেল করা।

৪) ডেটাবেস টেস্টিং : ডেটাবেস হল যেকোনো ওয়েব অ্যাপ্লিকেশনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ যা খুব ভালো করে চেক করতে হয়। যে যে বিষয়গুলি চেক করতে হয় তা হল— কোনো queries execute করার সময় কোনো error দেখা দিচ্ছে কিনা, কোনো ধরনের তথ্য, সম্পাদনা, সংযুক্তি বা মুছে ফেলা হলেও Data integnity বজায় থাকছে কিনা। কোনো queries এর রেসপন্স টাইম কত লাগছে তা দেখা ও modify করা, ডেটাবেস থেকে নেওয়া তথ্য ওয়েব অ্যাপ্লিকেশনে সঠিকভাবে দেখাচ্ছে কিনা তা দেখা।

৫) কম্প্যাটিবিলিটি টেস্টিং : এই ধরনের টেস্টিং-এর বিষয় হল– ওয়েবসাইটের কনটেন্টগুলি সমস্ত ডিভাইস যেমন মোবাইল, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব, বিভিন্ন অপারেটিং সিস্টেমে ঠিকঠাকভাবে খুলছে কিনা এবং কার্যকারিতা একইরকম থাকছে কিনা তা টেস্ট করা। আমরা অনেক সময় লক্ষ্য করেছি যে ডিভাইস বদলালে একই কনটেন্ট-এর ডিসপ্লেও বদলে যায়। তাই এই বদলটা হলে তা ইউজারদের জন্য যাতে কোনো সমস্যা তৈরি না করে তা চেক করতে হয়।

৬) পারফরম্যান্স টেস্টিং : পারফরম্যান্স টেস্টিং দ্বারা দেখা হয় আপনার ওয়েবসাইট, বিভিন্ন প্রতিকূল অবস্থাতেও ঠিকভাবে চলছে কিনা, বিভিন্ন ধরনের কানেকশন স্পিডে ওয়েবসাইট বা অ্যাপ্লিকেশনটির রেসপন্স টাইম কত, Normal ও Peak লোডে ওয়েব অ্যাপ্লিকেশনটি ঠিকভাবে কাজ করছে কিনা তা দেখা, স্ট্রেস টেস্ট দ্বারা দেখা যে কত লোডের পর ওয়েবসাইটটি তার কার্যক্ষমতা হারায় এবং কিভাবে আবার তাকে কার্যক্ষম করে তোলা যায়, পেজ লোডিং এর সময় কমানোর জন্য যে যে অপ্টিমাইজেশনগুলি করা দরকার তা করা হয়েছে কিনা তা দেখা।

৭) সিকিউরিটি টেস্টিং : এই ধরনের টেস্টিং ই-কমার্স সাইটের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ, কারণ এরা কাস্টমারের কার্ড ডিটেইল ও নানা ব্যক্তিগত তথ্য স্টোর করে রাখে, তাই ওয়েবসাইট থেকে যাতে কেউ তথ্য চুরি করতে না পারে তার জন্য সিকিউরিটি ব্যবস্থা মজবুত আছে কিনা তা দেখা হলো অন্যতম কাজ সিকিউরিটি টেস্টিং-এর সময়। কোনো সিকিউরড পেজে কোনোভাবে unauthorised access যাতে না করা যায় তা দেখা, যথাযথ access ছাড়া যেন কোনো restricted ফাইল ডাউনলোড করা না যায়, বহুক্ষণ ইউজার inactive থাকলে সেই সেশন অটোমেটিক্যালি শেষ করে দেওয়ার ব্যবস্থা করা, SSL সার্টিফিকেট এর ব্যবহার এবং সঠিকভাবে এনক্রিপটেড পেজে তা রিডাইরেক্ট হচ্ছে কিনা তা দেখা।

৮) ক্রাউড টেস্টিং : একসঙ্গে বহু লোককে দিয়ে বা কোনো কোম্পানির একটি গ্রুপকে দিয়ে টেস্ট করানো, এর ফলে বহু অলক্ষিত ত্রুটিও ধরা পড়ে যায়।

ওয়েবসাইট টেস্টিং-এর কাজে কত টাকা আয় করা যায় :

বেশিরভাগ ক্ষেত্রে প্রতিটা কাজের জন্য ১০-২০ ডলার পাওয়া যায়। প্রতিটি কাজে কমপক্ষে ২০ মিনিট থেকে সর্বোচ্চ ২ ঘণ্টা সময় লাগতে পারে। তাই একথা সহজেই অনুমেয় যে, এই কাজকে পেশা হিসাবে নিতে গেলে তাতে খুব বেশি রোজগার হবে না, এক্সট্রা ইনকামের কথা ভেবে এই কাজ করা যেতে পারে। কারণ সারা দুনিয়াতে প্রেডিউসার খুব কম, বেশিরভাগ লোকই কনজিউমার। বিশেষভাবে উল্লেখযোগ্য তথ্য হল, ওয়েবসাইট টেস্টিং এমন একটি বিষয় যার পরিধি বিশাল, একটা সাইট ঠিকভাবে চলছে কিনা তার জন্য অনেক কিছু টেস্ট করতে হয় এবং প্রফেশনাল ওয়েব টেস্টার হতে গেলে তাদের সফটওয়্যার, কম্পিউটার প্রোগ্রামিং ইত্যাদি সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

ওয়েবসাইট টেস্টিং করার জন্য কি কি লাগবে–

কম্পিউটার/ল্যাপটপ, মোবাইল, মাইক্রোফোন, ওয়েবক্যাম এবং অবশ্যই ইংরেজি ভাষায় কথা বলতে ও লিখতে সড়গড় হতে হবে।

ওয়েবসাইট টেস্টিং করে আয় করার ১১টি সেরা ওয়েবসাইট–

১) usertesting.com – এখানে ইউজার টেস্টার হতে গেলে একটা প্র্যাকটিস টেস্টে অংশগ্রহণ করতে হবে, সেই টেস্টে পাশ করলে তবেই এখানে ওয়েবসাইট টেস্টিং করে টাকা-উপার্জন করা যাবে। কাজগুলি ১৫-২০ মিনিটের মধ্যে হয় সাধারণতঃ। প্রতি ৫ মিনিটের টেস্টে ৪ ডলার ও ২০ মিনিটের টেস্ট পিছু ১০ ডলার করে দেওয়া হয়। এছাড়া লাইভ ইন্টারভিউয়ের ক্ষেত্রে আরো বেশি আয় করতে পারেন। ওয়েবসাইট : https://www.usertesting.com/get-paid-to-test.

২) Loop11.com – একটি একটি অস্ট্রেলিয়া বেসড কোম্পানি যেখানে মাঝে মাঝে ওয়েবসাইট টেস্টিং এর কাজ পাওয়া যায়, ওয়েবক্যাম ও মাইক্রোফোন থাকতে হবে কম্পিউটারে, কারণ এখানেও ৫ মিনিটের একটি টেস্ট দিতে হবে আপনাকে, তবে কাজ পাওয়া যাবে। ওয়েবসাইট : https://www.loop11.com/get-paid-to-test-websites/

৩) Test.io – এটি এমন একটি ওয়েবসাইট যেখানে ওয়েবসাইট টেস্টাররা ওয়েবসাইট, অ্যাপ ও গেমিং অ্যাপের জন্য bug ধরার জন্য বিখ্যাত। যদি আপনি bug ধরতে নাও পারেন তাহলে বিভিন্ন opp এর রেটিং দিয়েও টাকা উপার্জন করতে পারবেন। ওয়েবসাইট : https://test.io/become-a-tester/

৪) Testingtime.com – এটি একটি খুব ভালো ওয়েবসাইট টেস্টিং এর প্ল্যাটফর্ম। এখানে নিজেকে ওয়েবসাইট টেস্টার হিসাবে রেজিস্টার করতে নিজের সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দিয়ে সাইন আপ করতে হবে যাতে আপনি ঠিক কি ধরনের প্রজেক্টে কাজ করতে পারবেন তা তারা নির্ধারিত করতে পারে। আপনার প্রোফাইল দেখে কোনো ওয়েবসাইট কর্তৃপক্ষ আপনাকে পছন্দ করলে তিনি আপনাকে মেইল করবেন। এরপর কিছু প্রশ্নোত্তর পর্বের পরে আপনার কাজ নির্ধারিত হবে। এরপর আপনার নির্ধারিত সময়ে ক্লায়েন্টের উপস্থিতিতে অনলাইন/স্কাইপের মাধ্যমে আপনাকে কাজটি করতে হবে। এরপর আপনার কাজ হয়ে গেলে ১০ দিনের মধ্যে আপনি পেমেন্ট পেয়ে যাবেন। সর্বোচ্চ ৫০ ইউরো অবধি প্রতি প্রোজেক্টে পেতে পারেন। তবে শুধুমাত্র অনলাইন সার্ভেতে অংশ নিলে সবচেয়ে কম আয় হবে। তাই বিভিন্ন ধরনের স্টাডিজ-এ ইন পারসন অংশগ্রহণ করে সবচেয়ে বেশি আয় করতে পারেন। ওয়েবসাইট : https://app.testingtime.com/en/register#!/basics.

৫) checkealos.com – এই ওয়েবসাইটে প্রতিটি ওয়েবসাইট চেক করে ফিডব্যাক দিতে হয় যে ব্যবহার করে ইউজার-হিসাবে অভিজ্ঞতা কি ধরনের হল। এই সাইটের একটি ভালো দিক হল খুব ছোট ছোট সেশন হয়। প্রতিটা সেশন এর জনয ১৫ মিনিটের সময় থাকে আর সেই কাজটি ঠিক করে করতে পারলেই ৮ ইউরো পাওয়া যাবে। যেকোনো দেশের নাগরিকরাই এখানে কাজ করতে পারবেন, শুধু ডেস্কটপ, স্মার্টফোন/ট্যাবলেট, মাইক্রোফোন, ভালো ইন্টারনেট সংযোগ ও একটি Paypal অ্যাকাউন্ট থাকলেই হবে। অবশ্যই স্প্যানিশ বা ইংরেজি বলতে জানতে হবে। প্রতি টেস্টে ৮ ইউরো করে আয় করা যাবে। ওয়েবসাইট : https://www.checkealos.com/get-paid-for-your-feedback/.

৬) Ferpection.com – এখানেও আপনি ডেস্কটপ, স্মার্টফোন বা ট্যাবলেট ব্যবহার করে টাস্ক সম্পূর্ণ করতে পারবেন। এই ওয়েবসাইটে টেস্টিং এর কাজ করতে গেলে কোনো ভিডিও বা অডিও রেকর্ড করতে হয়না, শুধুমাত্র স্ক্রিন শট তুলে নিচে যে প্রশ্ন থাকে সেই অনুযায়ী উত্তর লিখে দিতে হয়। এখানে কাজ হিসেবে টাকার অঙ্ক ঠিক হয়। যদি ৩০-৪০ মিনিটের কাজ হয় তাহলে প্রায় ২০-২৫ ডলার উপার্জন করতে পারবেন। পেমেন্ট মেথড - প্রতি মাসের শেষ শুক্রবারে Paypal এর মাধ্যমে পেমেন্ট করা হয়। ওয়েবসাইট : https://ferpection.com/en/become-tester/

৭) Userbrain.com – প্রতিটা প্রজেক্ট এখানে ৫-২০ মিনিটের জন্য হয়, এখানে নিজেকে রেজিস্টার করার পর একটা কোয়ালিফাইং টেস্ট দিতে হবে, এতে পাস করলে আপনি বিভিন্ন প্রজেক্টে কাজ করতে পারবেন। এখানে ওয়েবসাইট টেস্টিং-এর কাজ করতে গেলে userbrain recorder এর ক্রোম এক্সটেনশন কম্পিউটারে ইনস্টল করে নিতে হবে। userbrain এবার যা কাজ/টাস্ক দেবে সেটা করতে করতে স্ক্রিন রেকর্ড করতে হবে এবং মুখে জোরে জোরে বলতে হবে যে ইউজার হিসেবে ওয়েবসাইটটি ব্যবহার করে আপনার অভিজ্ঞতা কেমন হচ্ছে। পেমেন্ট মেতড - Paypal এর মাধ্যমে প্রতি ৫-২০ মিনিটের approved প্রজেক্টের জন্য ৫ ডলার। ওয়েবসাইট : https://tester.userbrain.com/

৮) Usercrowd.com – এখানে খুব দ্রুত কিছু কপ্রোডাক্টের/পণ্যের ডিজাইন সার্ভে করতে হবে এবং তা সম্পর্কে সহজ ভাবে রিভিউ দিতে হবে যাতে ওয়েবসাইট কর্তৃপক্ষ প্রোডাক্টের ডিজাইন আরো সুন্দর করে তুলতে পারে। আপনার দেওয়া প্রতিটা উত্তরের জন্য আপনি ১-২ টি ক্রেডিট পাবেন, আর এই প্রতি ক্রেডিট মানে ০.২০ ডলার। ৫০টা ক্রেডিট আপনি পেলে অর্থাৎ ১০ ডলার হয়ে গেলে তবে Paypal থেকে টাকা তুলতে পারবেন। পেমেন্ট মেথড - Paypal। ওয়েবসাইট : https://www.usercrowd.com/

